

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং - ০৫

জুন ১৯, ২০১১
তারিখ :-----
আষাঢ় ০৫, ১৪১৮

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক

প্রিয় মহোদয়,

সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগীদের জন্য ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

সমাজকল্যাণ মন্ত্রণালয়ধীন সমাজসেবা অধিদপ্তর পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বয়স্ক ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রদান কার্যক্রম সহজতর, হয়রানীমুক্ত এবং স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে জাতীয় পরিচয় পত্র ও পিপিও (Pension Payment Order) নম্বর সম্বলিত ভাতা পরিশোধ বই এর বিপরীতে ভাতাভোগীগণ ১০(দশ) টাকা জমাকরণপূর্বক নিজ নিজ নামে ব্যাংক হিসাব খুলতে পারবেন। এ সকল ব্যাংক হিসাবে ন্যূনতম স্থিতি রাখার বাধ্যবাধকতা আরোপ এবং কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না। যেক্ষেত্রে চেকবই এর অপ্রতুলতা থাকবে সেক্ষেত্রে চেকবই এর পরিবর্তে ভাউচারের মাধ্যমেও এসকল হিসাবে লেনদেন করা যাবে।

এমতাবস্থায়, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগীদের ভাতা প্রদান ও তাদের জন্য ব্যাংকিং সেবা নিশ্চিতকরণার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(কে, এম, আব্দুল ওয়াদুদ)
মহাব্যবস্থাপক
ফোন : ৯১১৭৮২৫